

গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu'min) | غَافِرُ(الْمُؤْمِنِ)

আয়াতঃ ৪০ : ৮১

আরবি মূল আয়াত:

وَيُزَكِّىكُمْ أَتِّهِ * فَآىَّ آيَاتِ اللَّهِ تُنْكِرُونَ ﴿٨١﴾

অনুবাদসমূহ:

আর তিনি তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখান। অতএব তোমরা আল্লাহর কোন্ কোন্ নিদর্শনকে অস্বীকার করবে? — আল-বায়ান

তিনি তোমাদেরকে তাঁর নিদর্শন দেখান। কাজেই আল্লাহর কোন্ নিদর্শনকে তোমরা অস্বীকার কর। — তাইসিরুল

তিনি তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখিয়ে থাকেন। সুতরাং তোমরা আল্লাহর কোন্ কোন্ নি'আমাত অস্বীকার করবে? — মুজিবুর রহমান

And He shows you His signs. So which of the signs of Allah do you deny? — Sahih International

৮১. আর তিনি তোমাদেরকে তার নিদর্শনাবলী দেখিয়ে থাকেন। অতএব, তোমরা আল্লাহর কোন কোন নিদর্শনকে অস্বীকার করবে?

-

তফসীরে জাকারিয়া

(৮১) তিনি তোমাদেরকে তাঁর নিদর্শনাবলী দেখিয়ে থাকেন। [1] সুতরাং তোমরা আল্লাহর কোন্ নিদর্শনকে অস্বীকার করবে? [2]

[1] যেগুলো তাঁর মহাশক্তি ও একত্বকে প্রমাণ করে। আর নিদর্শনগুলো কেবল বিশ্বজগতেই নেই, বরং তোমাদের দেহের মধ্যেও তা বিদ্যমান রয়েছে।

[2] এগুলো এত জাজ্বল্যমান, ব্যাপক ও এত বেশী যে, কোন অস্বীকারকারী তা অস্বীকার করার ক্ষমতা রাখে না। এখানে 'ইস্তিফহাম' (জিজ্ঞাসা) নেতিবাচক।

তফসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন